



ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশের নৃতাত্ত্বিক বিশ্ববিদ্যালয়  
ঢাকা বিশ্ববিদ্যালয়

Job Category: Teaching/Academics

Job Source: [www.du.ac.bd](#)

## Job Summary

Posted On: 8 Nov 2024

Application Deadline: 1 Dec 2024



ঢাকা বিশ্ববিদ্যালয়: প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগে ০২ (দুই) টি সহকারী অধ্যাপকের শূন্য স্থায়ী পদ এবং ০১ (এক) টি প্রভাষকের শূন্য স্থায়ী পদ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: সহকারী অধ্যাপক পদের জন্য ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা এবং প্রভাষক পদের জন্য ২২,০০০-৫৩,০৬০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

**সহকারী অধ্যাপক পদে যোগ্যতা:** প্রার্থীদের অবশ্যই এস.এস.সি এবং এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ/জিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ স্কেলে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স এবং মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৩ (তিন) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে অথবা পোস্ট ডক্টরাল গবেষক হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা অথবা কোন স্বনামধন্য গবেষণা সংস্থায় গবেষক/বৈজ্ঞানিক কর্মকর্তা/সমতুল্য পদে ০৬ (ছয়) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচ.ডি. ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের ইন্ডেক্সড/ডিওআই (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সম্বলিত মানসম্পন্ন জার্নালে কমপক্ষে ০৩ (তিন) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। Predatory জার্নালে প্রকাশিত কোন প্রবন্ধ গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

**লেকচারার পদের যোগ্যতা:** প্রার্থীদের অবশ্যই এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় প্রথম বিভাগ/জিপিএ-এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ সহ প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রিসহ উভয় পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণি/সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ প্রাপ্ত হতে হবে। যে সকল প্রার্থী অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয় পরীক্ষায় প্রথম স্থান/সর্বোচ্চ সিজিপিএ অর্জন করেছে, তাদের ক্ষেত্রে এস.এস.সি বা এইচ.এস.সি পরীক্ষার যে কোন একটির অনুমোদিত শর্ত শিথিলযোগ্য। প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি ডিগ্রি এবং মানসম্পন্ন জার্নালে গবেষণা প্রকাশনা থাকলে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

**আবেদন নির্দেশিকা:** প্রার্থীকে <https://jobs.du.ac.bd> ওয়েবসাইটে লগইন করার মাধ্যমে ৩০/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ এর মধ্যে অনলাইন আবেদন ফরম পূরণ এবং অনলাইনে আবেদন ফি ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। অনলাইন আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তার পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রশিদ পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত আবেদন ফরমটি প্রিন্ট করে পেমেন্ট রশিদসহ ০৮ (আট) কপি আবেদনপত্র রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট আগামী ০১/১২/২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ফি-১৭৮২/২৪ (৬'X৪)